

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৩ বাংলা  
১৩ এপ্রিল ২০১৭ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার,  
হবিগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়া জেলায় কার্যরত)

**বিষয়ঃ সাম্প্রতিক বন্যায় হাওড় অঞ্চলের ক্ষতিগ্রস্তদের সহায়তাকরণ প্রসংগে।**

প্রিয় মহোদয়,


আপনারা অবগত আছেন যে, গত কয়েক দিনের টানা বর্ষণে হাওড় অঞ্চলের জেলাসমূহের (নেত্রকোনা, কিশোরগঞ্জ, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়া) বেশকিছু এলাকা প্লাবিত হয়েছে এবং এতে উক্ত জেলাসমূহের অনেক আবাদি জমির বোরো ধানের ক্ষেত বন্যার পানিতে তলিয়ে গেছে। এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে জরুরী খাদ্য সামগ্রী, বিশুদ্ধ পানি, ঔষধপত্র ইত্যাদির সংকট সৃষ্টি হয়েছে মর্মে জানা যায়।

এ প্রেক্ষিতে সেবামূলক কার্যক্রমের অংশ হিসাবে আপনাদেরকে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণের জন্য অনুরোধ করা হলো:-

- (১) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের দরিদ্র ও অসহায় জনগোষ্ঠীর মাঝে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের উদ্বৃত্ত তহবিলের অর্থ হতে সামর্থ্য অনুযায়ী প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী বিতরণ;
- (২) নতুন ঋণ সুবিধার আওতায় আপনাদের প্রতিষ্ঠানের গ্রাহকগণ যাতে দ্রুততম সময়ে ঋণ (দুর্যোগকালীন ঋণ) পেতে পারেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- (৩) বন্যায় অধিক ক্ষতিগ্রস্ত এলাকার ঋণগ্রহীতাদের (বন্যাজনিত কারণে অক্ষম) নিকট হতে আপদকালীন সময়ে ক্ষুদ্রঋণের কিস্তি আদায় সাময়িকভাবে স্থগিতকরণ; এবং
- (৪) ১নং ক্রমিকে বর্ণিত বিষয়ে কার্যক্রম গ্রহণের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত তথ্য (প্রমাণকসহ) উল্লেখপূর্বক বর্ণিত খাতে ব্যয়কৃত অর্থের কার্যোত্তর অনুমোদন গ্রহণের নিমিত্তে অথরিটির নিকট আবেদন দাখিল।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

  
(মোহাম্মদ আবদুল হক)  
পরিচালক  
ফোনঃ ৮৩৩২৬৭৭

নম্বর- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.১৭-

তারিখঃ এ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৬. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, .....জেলা।
৭. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের জ্ঞাতার্থে)।
৮. পিএস টু সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের জ্ঞাতার্থে)।

পরিচালক  
ফোন: ৮৩৩২৬৭৭।